**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 30-11-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী বলেছেন, শিশুদের স্বাস্থ্য সুরক্ষায় শিশু বিশেষজ্ঞ চিকিৎসকদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ভুবনেশ্বরে আয়োজিত সর্বভারতীয় পুলিশ মহানির্দেশক এবং পুলিশ মহাপরিদর্শক সম্মেলনে যোগ দিয়েছেন ।**

**(৩) রাজ্য বিদ্যুৎ নিগমের কর্মচারীদের ৫ শতাংশ মহার্ঘ্য ভাতা প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়েছে । জানিয়েছেন বিদ্যুৎমন্ত্রী ।**

**(৪) আগামী তেসরা ডিসেম্বর বিশ্ব ব্যাঙ্কের এক প্রতিনিধিদল রাজ্য সফরে আসছেন ।**

**********************************************

**CM-TRIPEDICON :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, শিশুদের স্বাস্থ্য সুরক্ষায় শিশু বিশেষজ্ঞ চিকিৎসকদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। শিশুদের স্বাস্থ্য রক্ষায় সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচিগুলির বাস্তবায়নে চিকিৎসকরা সামাজিক দায়িত্ব নিয়ে এগিয়ে আসবেন এবং ভবিষ্যত প্রজন্মকে ভালোভাবে গড়ে তোলার ক্ষেত্রে মুখ্য ভূমিকা নেবেন তা সবাই প্রত্যাশা করে। আজ আগরতলার আইএমএ হাউজে ইন্ডিয়ান একাডেমি অফ পেডিয়াট্রিক্স ত্রিপুরা রাজ্য শাখার ৩০তম বার্ষিক রাজ্য সম্মেলন উদ্বোধন করে তিনি

একথা বলেন। এবারের সম্মেলনের থিম হচ্ছে শিশু চিকিৎসায় বর্তমান অগ্রগতি ও বাধা।

তিনি শিশু এবং কিশোর কিশোরীদের স্বাস্থ্য সুরক্ষায় রাজ্যে চালু মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশর অভিযান, পোষণ কর্মসূচি, রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম, অ্যানিমিয়া মুক্ত ভারত কর্মসূচি, ত্রিপুরা কিশোরী সুচিতা অভিযান ইত্যাদি প্রকল্পও কর্মসূচিসমূহের বিস্তারিত উল্লেখ করেন।

অনুষ্ঠানে ইন্ডিয়ান একাডেমি অফ পেডিয়াট্রিক্স ত্রিপুরা রাজ্য শাখার পক্ষ থেকে রাজ্যের বরিষ্ঠ চিকিৎসক শিশু বিশেষজ্ঞ ডাঃ আলেখ্য দাশগুপ্তকে লাইফটাইম অ্যাচিভম্যান্ট অ্যাওয়ার্ডে ভূষিত করা হয়। তাছাড়া ২০২৪ সালের এমবিবিএস পরীক্ষায় পেডিয়াট্রিকস বিভাগে সর্বোচ্চ নম্বরের অধিকারী ডা. হিমানি দেবনাথকে সম্মাননা জানানো হয়। অনুষ্ঠানে স্বাস্থ্য অধিকর্তা প্রফেসর ডা. সঞ্জীব কুমার দেববর্মাও বক্তব্য রাখনে।

**********************

**PM-Odisha :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ভুবনেশ্বরে আয়োজিত সর্বভারতীয় পুলিশ মহানির্দেশক এবং পুলিশ মহাপরিদর্শক সম্মেলনে যোগ দিয়েছেন। সম্মেলনে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং প্রধানমন্ত্রীর প্রধান সচিব পিকে মিশ্র, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল, কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিব, সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের পুলিশের মহানির্দেশক এবং প্রধানরা সহ অন্যান্য গুরুত্বপূর্ণ ব্যক্তিরা উপস্থিত রয়েছেন। নিরাপত্তা সংস্থা, অভ্যন্তরীণ নিরাপত্তা, নতুন ফৌজদারি আইন, উপকূলীয় নিরাপত্তা, সাইবার অপরাধ, মাওবাদী হুমকি এবং কৃত্রিম বুদ্ধিমত্তা ও ড্রোনের মতো উদীয়মান প্রযুক্তির দ্বারা সৃষ্ট চ্যালেঞ্জের মতো বিষয়গুলি নিয়ে সম্মেলনে আলোচনা করা হচ্ছে। সম্মেলনে

অংশগ্রহণকারীরা সন্ত্রাসবিরোধী কৌশল নিয়েও আলোচনা করছেন।

প্রধানমন্ত্রী গতকাল সন্ধ্যায় ভুবনেশ্বরে লোকসেবা ভবনের কনভেনশন হলে শ্রী শাহ কর্তৃক উদ্বোধন করা ৩ দিনব্যাপী সম্মেলনে যোগ দিতে পৌঁছান।

প্রধানমন্ত্রী আগামীকালও এই সম্মেলনে অংশ গ্রহণ করবেন। সম্মেলনকে ঘিরে ওড়িশা সরকার ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে।

****************************

**PM SVANidhi Yojana :**

'স্ব-নিধি ভি স্বভিমান ভি পখোয়ারা' এর পক্ষকালব্যাপী প্রচার অভিযানের অঙ্গ হিসেবে আজ আগরতলা পুর নিগমের পূর্ব জোনাল অফিসে আয়োজিত এক অনুষ্ঠানে স্ট্রীট ভেন্ডারদের হাতে ঋণের চেক তুলে দেন পুর নিগমের মেয়র দীপক মজুমদার। উপস্থিত ছিলেন পূর্ব জোনের চেয়ারম্যান কর্পোরেটর সুখময় সাহা। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মেয়র দীপক মজুমদার বলেন, প্রধানমন্ত্রী স্ট্রীট ভেন্ডরদের আর্থিক অবস্থার কথা চিন্তা করে তাদের আর্থিকভাবে স্বাবলম্বন করার উদ্দেশ্যেই এই যোজনার সূচনা করেছেন। এখন পর্যন্ত পুর নিগম এলাকায় ১৪১৭ জন স্ট্রীট ভেন্ডারকে ১০ হাজার টাকা করে, ৪৪৮ জনকে কুড়ি হাজার টাকা করে এবং ১১৩ জনকে পঞ্চাশ হাজার টাকা করে প্রদান করা হয়েছে।

*****************************

**RBI-Quiz :**

রিজার্ভ ব্যাঙ্কের ৯০ বছর পূর্তি উপলক্ষ্য উদযাপনের অংশ হিসাবে স্নাতকস্তরের শিক্ষার্থীদের জন্য আরবিআই ৯০ শীর্ষক ক্যুইজ অনুষ্ঠান দেশব্যাপী অনুষ্ঠিত হচ্ছে। এরই অঙ্গ হিসেবে, আসাম, অরুণাচল প্রদেশ, মেঘালয়, মিজোরাম, মণিপুর, নাগাল্যান্ড

এবং ত্রিপুরার রাজ্যস্তরের বিজয়ীরা গতকাল গুয়াহাটিতে অনুষ্ঠিত উত্তর-পূর্বের আঞ্চলিক রাউন্ডে অংশ গ্রহণ করে। উত্তর পূর্ব আঞ্চলিক রাউন্ডে ত্রিপুরার গোমতি জেলার নেতাজি সুভাষ মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রী শ্রেয়া মোদক এবং শুভজিৎ চক্রবর্তী প্রথম স্থান অধিকার করেছেন। তারা আগামী ৬ই ডিসেম্বর, মুম্বাইতে আরবিআই ৯০ ক্যুইজের জাতীয় রাউন্ডে অংশ গ্রহণ করবেন। এই প্রতিযোগিতায় দ্বিতীয় স্থানে এন.আই.টি শিলচর ও তৃতীয় স্থান অধিকার করেছে এন.আই.টি শিলং। শীর্ষ এই তিনটি দল যথাক্রমে ৫ লক্ষ, ৪ লক্ষ এবং ৩ লক্ষ টাকা নগদ পুরস্কার জিতেছে।

গুয়াহাটির এই অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের কার্যনির্বাহী পরিচালক অর্ণব কুমার চৌধুরী বলেন, আরবিআই ৯০ ক্যুইজের এর উদ্দেশ্য হল ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের ৯০তম বার্ষিকী উদযাপনের পাশাপাশি আর্থিক ব্যবস্থা গঠনে আর বি আই-এর গুরুত্বপূর্ণ ভূমিকা বুঝতে শিক্ষার্থীদের উৎসাহিত করা।

*****************************

**Food Minister :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ এমবিবি বিশ্ববিদ্যালয়ে কনজিউমার ক্লাব, এন এস এস ইউনিট ও রেড রিবন ক্লাবের উদ্যোগে ভোক্তাদের অধিকার শীর্ষক এক আলোচনায় অংশ গ্রহণ করেন। মন্ত্রী শ্রী চৌধুরী বলেন, ভোক্তা অধিকার হল যেকোনো পণ্য বা পরিষেবার গুণমান, পরিমাণ, বিশুদ্ধতা, মূল্য এবং মান সম্পর্কে ভালভাবে অবহিত হওয়ার অধিকার। তিনি বলেন ভোক্তাদের স্বার্থে সার্বজনীন "ভোক্তা সুরক্ষা আইনটি"-র যথাযথ বাস্তবায়নের উপর গুরত্ব আরোপ করেন। আলোচনায় বক্তব্য রাখেন ত্রিপুরা স্টেট কনজিউমার্স ডিসপুটস রিড্রেসেল কমিশন এর সভাপতি, বিচারপতি অরিন্দম লোধ।

**************************

**Hepatitis Foundation of Tripura-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় সুপারি বাগানস্থিত দশরথ দেব স্মৃতি ভবনে হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার ২১তম রাজ্য সম্মেলনের উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রী বক্তব্য রাখতে গিয়ে রাজ্যে স্বাস্থ্য পরিষেবা উন্নয়নে রাজ্য সরকারের গৃহিত পদক্ষেপ বিস্তারিত উল্লেখ করেন। সম্মেলনে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার প্রতিষ্ঠাতা সভাপতি ডাঃ প্রদীপ ভৌমিক, বর্তমান সভাপতি ডাঃ এন এল ভৌমিক, সাধারন সম্পাদক দিবাকর দেবনাথ প্রমুখ। দুদিনের এই সম্মেলনে বিজ্ঞান ভিত্তিক আলোচনার পাশাপাশি হেপাটাইটিস রোগ এবং এইচ আই ভি/ এইডস, ড্রাগ অ্যাডিকশন, মহিলাদের স্বাস্থ্য সমস্যা, জলবায়ু পরিবর্তন, বাল্য বিবাহ, রক্তদান ইত্যাদি বিষয়ের উপর আলোচনা হবে। সম্মেলনে আগামীকাল উদযাপন করা হবে বিশ্ব এইডস দিবস।

**************************

**Neermahal :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডক্টর মানিক সাহা আগামী তেসরা ডিসেম্বর ডম্বুরের নারকেলকুঞ্জে প্রমোফেস্ট উৎসবের উদ্বোধন করবেন। রাজ্য পর্যটন দপ্তর ও পর্যটন নিগমের যৌথ উদ্যোগে আয়োজিত এই উৎসব। আগামী ৯ই ডিসেম্বর মেলাঘরের নীরমহল ও রাজঘাটে অনুষ্ঠিত হবে। ১১ই ডিসেম্বর জম্পুইহিলে এবং ১৪ই ডিসেম্বর আগরতলায় প্রমোফেস্ট এর সমাপ্তি অনুষ্ঠান হবে।

*************************

**BSF Blood Donation :**

সীমান্ত রক্ষী বাহিনী BSF-এর ৬০তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ আগরতলার শালবাগানে বিএসএফ-এর ত্রিপুরা ফ্রন্টিয়ারের প্রধান কার্যালয়ের কম্পোজিট হাসপাতালে এক স্বেচ্ছা রক্তদান

শিবিরের আয়োজন করা হয়। আজ এই রক্তদান শিবিরের উদ্বোধন করেন মুখ্যসচিব জে কে সিনহা, উপস্থিত ছিলেন বিএসএফ-এর ত্রিপুরা ফ্রন্টিয়ারের আই জি প্যাটেল পীযুষ পুরুষোত্তম দাস সহ বিএসএফ-এর অন্যান্য পদস্থ আধিকারিকগণ।

রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যসচিব জে কে সিনহা সংবাদমাধ্যমের কাছে বলেন, সীমান্ত প্রহরার মতো দায়িত্ব পালনসহ দেশ রক্ষায় গুরুত্বপূর্ণ কাজ করছে বিএসএফ। রক্তদানের মতো গুরুত্বপূর্ণ সামাজিক কাজেও এগিয়ে এসেছে বিএসএফ। এর জন্য তিনি বিএসএফ-কে ধন্যবাদ জানান।

আই জি বিএসএফ প্যাটেল পীযুষ পুরুষোত্তম দাস বলেন, আগামীকাল বিএসএফ-এর ৬০তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ, আগরতলা, গকুলনগর, উদয়পুর পানিসাগর ও তেলিয়ামুড়ায় এক যোগে রক্ত দান শিবিরের আয়োজন করা হয়েছে।

এদিকে, প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ সকালে বিএসএফ কার্যালয় থেকে পাঁচ কিলোমিটার দূরত্বের এক মিনি ম্যারাথন দৌড়ের আয়োজন করা হয়। ১৫০ জন বিএসএফ জওয়ান ম্যারাথনে অংশ নেন।

*************************

**Press Meet-Power Minister :**

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে জানান, রাজ্য বিদ্যুৎ নিগম এই প্রথমবারের নিগমের কর্মচারীদের ৫ শতাংশ মহার্ঘ্য ভাতা প্রদানের সিদ্ধান্ত নিয়েছে। এই সিদ্ধান্ত পয়লা নভেম্বর থেকে কার্যকর হবে। এতে উপকৃত হবেন নিগমের ডি আর ডব্লিউ সহ মোট ২ হাজার ৪৫৪ জন কর্মচারী। সাংবাদিক সম্মেলনে বিদ্যুৎমন্ত্রী আরো বলেন, রাজ্যে বর্তমানে বিদ্যুতের চাহিদা ২৫০ মেগাওয়াট। পাশাপাশি রাজ্যে বর্তমানে উৎপাদিত বিদ্যুতের পরিমাণ ৬০০ মেগাওয়াট। বাংলাদেশে বর্তমানে ৬০

মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা হয়। বিদ্যুৎ বাবদ বাংলাদেশের কাছে এই মুহূর্তে বকেয়া অর্থ ১৩৫ কোটি টাকা। তিনি বলেন, বিদ্যুৎ নিগম খুব শীঘ্রই হুক লাইনের বিরুদ্ধে ব্যাপক অভিযান শুরু করবে।

************************

**Vice President :**

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর বলেছেন যে উন্নত ভারত আর স্বপ্ন নয় বরং একটি চ্যালেঞ্জিং লক্ষ্য এবং দেশ তার সংকল্প নিয়ে এই লক্ষ্য অর্জন করবে। আজ সকালে নতুনদিল্লিতে "ডেভেলপড ইন্ডিয়া 2047: ভিশন অফ নিউ ইন্ডিয়া 3.0" শীর্ষক একটি সম্মেলনে ভাষণ দিতে গিয়ে শ্রী ধনখর বলেন, ভারতীয় অর্থনীতি ও পরিকাঠামো, ডিজিটাল কাজকর্ম আন্তর্জাতিক মুদ্রা তহবিল, বিশ্বব্যাংক এবং বিশ্ব অর্থনৈতিক মঞ্চে প্রশংসিত হচ্ছে। তিনি বলেন, আইএমএফ বলেছে ভারত বিনিয়োগ ও সুযোগের প্রিয় গন্তব্য। তিনি বলেন, কাজের ক্ষেত্রে স্বচ্ছতা ও গ্রহণযোগ্যতা এসেছে এবং ৫০ কোটিরও বেশি মানুষ স্বল্পতম সময়ে ব্যাংকিং ব্যবস্থার সঙ্গে যুক্ত হয়েছেন।

***************************

**Minister Bikash Debbarma :**

পরিসংখ্যান মন্ত্রী বিকাশ দেববর্মার পৌরহিত্যে উত্তর ত্রিপুরা ও ঊনকোটি জেলাতে পরিসংখ্যান দপ্তরের কাজকর্ম বিষয়ে কৈলাশহরে আজ এক বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, পরিসংখ্যান দপ্তরের বিশেষ সচিব অভিষেক চন্দ্র, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, দপ্তরের অধিকর্তা দেবানন্দ রিয়াং সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা। বৈঠকে পরিসংখ্যান প্রতিবেদন পেশ করা হয়। তাছাড়া স্থিতিস্থাপক উন্নয়ণের লক্ষ্য এবং এর সংগে যুক্ত সতেরোটি সূচকের নিরিখে দুই জেলার অবস্থা নিয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়।

সরকারি পরিকল্পনা ও বাস্তবায়নের জন্য ডেটা তথা বিবিধ তথ্যাদি বৈঠকে উত্থাপিত হয়। আজকের বৈঠকের বিষয়ে পরিসংখ্যান দপ্তরের বিশেষ সচিব অভিষেক চন্দ্র আকাশবাণী'র জেলা সংবাদদাতা অনুপম ভট্টাচার্যকে জানান, পরিসংখ্যান দপ্তরের কর্মধারাকে ঢেলে সাজাতে এবং উত্তর ত্রিপুরা ও ঊনকোটি জেলাতে দপ্তরের কাজকর্মের পর্যালোচনা করার লক্ষ্যে এই বৈঠকের আয়োজন। তিনি জানান, আগামী তেসরা ডিসেম্বর বিশ্ব ব্যাঙ্কের এক প্রতিনিধিদল রাজ্য সফরে আসবেন। প্রতিনিধিদলের সংগে পরিসংখ্যান বিভাগের কাজকর্মকে শক্তিশালী করতে আলোচনা করা হবে।

*****************************

**BJP Press Meet :**

রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সরকারী বিভিন্ন দপ্তরে ২ হাজারেরও বেশি পদে লোক নিয়োগের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে প্রদেশ বিজেপি। আজ আগরতলায় সাংবাদিক সন্মেলনে একথা জানান প্রদেশ বিজেপি'র মুখপাত্র নবেন্দু ভট্টাচার্য।

*************************

**Red Run-Dhalai :**

ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির উদ্যোগে ধলাই জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর, জেলা যুব বিষয়ক ক্রীড়া দপ্তরের উদ্যোগে গতকাল আমবাসায় অনুষ্ঠিত হয় রেড রান প্রতিযোগিতা। সূচনা করেন জেলার অতিরিক্ত জেলা শাসক সুভাষ আচার্য।

*************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-

আর অ্যাপ, এবং ট্যুইটার ও  ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Weather :**

বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় ফেইঞ্জাল আজ রাতেই তামিলনাড়ুর উত্তর উপকূল আছড়ে পড়তে চলেছে। এই পরিস্থিতিতে চেন্নাই বিমানবন্দর থেকে উড়ান পরিষেবা সাময়িক সময়ের জন্য বন্ধ রাখা হয়েছে। বেশ কিছু ট্রেনও বাতিল করা হয়েছে। এই ঘূর্ণিঝড়ের পরোক্ষ প্রভাবে ত্রিপুরাতেও আকাশ মেঘাচ্ছন্ন এবং আজ দিনের তাপমাত্রা বেড়ে ৩১.৮ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছে। সর্বনিম্ন তাপমাত্রা ১৯.৬ ডিগ্রি সেলসিয়াস।

****************************